

২০২১

বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

চতুর্থ সেমেস্টার

কোর্স কোড : BNG-H-CC-T-10

পূর্ণমান : ৩০

সময় : ১½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

উত্তরপত্র A4 কাগজের সর্বাধিক ৫-৬ পাতার মধ্যে লেখা বাঞ্ছনীয়।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

- ক) ‘প্রার্থনা’ কাবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত? কাবিতাটির মূল ভাব কি?
- খ) “বাঙালীর খুনে লাল হল সেথা ক্লাইভের খঞ্জর” — বাঙালীর খুনে ক্লাইভের খঞ্জর কিভাবে লাল হয়ে উঠলো?
- গ) “সন্ধ্যাবেলায় নয়ন ভরিয়া এনেছি অশ্রুবারি”— নয়ন ভরে অশ্রুবারি আনবার কারণ কি? কোন্ কাবিতার অংশ এটি?

ঘ) ‘জীবনবন্দনা’ কাবিতায় শ্রমিক শ্রেণীর গৌরব কিভাবে প্রকাশিত হয়েছে?

ঙ) ‘শুভক্ষণ’ কাবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্গত? কাবিতাটি কবে, কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

চ) ‘ঐকতান’ কাবিতাটির কবি কে? কোন্ কাব্যগ্রন্থের কাবিতা এটি?

ছ) “ফাঁসির মঞ্চে গেয়ে গেল যারা জীবনের জয়গান” — ‘জীবনের জয়গান’ গাইবার উদ্দেশ্য কি?

জ) ‘আমার কৈফিয়ৎ’ কাবিতাটি কটি স্তবকে রচিত? এটি কোন্ ছন্দে লেখা?

২। যে-কোনো দু’টি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) ‘আট বছর আগের একদিন’ কাবিতায় ‘বিপন্ন বিস্ময়’ বলতে কি বোঝানো হয়েছে? আত্মহননকারী লোকটির অস্তিত্বের সংকট কাবিতায় কিভাবে বর্ণিত হয়েছে, তা তোমার নিজস্ব মতামত প্রকাশ করে লেখো।

খ) ‘ফিরে এসো চাকা’ কাবিতাটির প্রধান বিষয়বস্তু কি? ব্যক্তিপ্রেম কিভাবে সর্বজনীনতা লাভ করেছে কাবিতা অবলম্বনে আলোচনা করো।

গ) “নূতন করিয়া লহো আরবার চিরপুরাতন মোরে” — অংশটির তাৎপর্য লেখো।

ঘ) ‘হিন্দু না ওরা মুসলিম? ঐ জিজ্ঞাসে কোন্ জন’ — মানবতাবাদী নজরুলের কবি মানসের পরিচয় দাও।

ঙ) ‘কাছে থেকে দূর যারা তাহাদের বাণী যেন শুনি’ — কবি কাদের বাণী শোনার কথা বলেছেন? ব্যাখ্যা করো।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ১ = ১০$

- ক) ‘তোমাকে পাওয়ার জন্য হে স্বাধীনতা’ কবিতাটি অবলম্বনে কবির দেশপ্রেমের যে পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো।
- খ) ‘সাম্যবাদী’ কবিতাটি অবলম্বনে কবি নজরুলের সমাজভাবনা এবং সামাজিক সর্বস্তরে সাম্যাবস্থা আনার যে মানবিক দাবী, তার সপক্ষে তোমার মতামত বর্ণনা করো।
- গ) ‘ভারততীর্থ’ কবিতায় ভারতবর্ষের অতীত ইতিহাস এবং ভবিষ্যৎ ভারতের স্বপ্নিল ছবি মিলেমিশে একাকার হয়ে গেছে— এক নতুন ভারত নির্মাণের স্বপ্ন কবি দেখেছেন। তুমি কি কবির সঙ্গে সহমত? সপক্ষে মতামত লিপিবদ্ধ করো।
-